বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(বীজ বিতরণ বিভাগ)

স্মারক [illegible]২৭৫.৯৯.০৭৬.২২.-২০৭৯ তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৯ / ১৫ ডিসেম্বর ২০২২

বরাবর
উপপরিচালক (বীজ বিপণন),
বিএডিসি, .......................(সকল)

**বিষয়ঃ ২০২২-২৩ বিতরণ বর্ষের খরিপ-১ মৌসুমে অঞ্চলওয়ারি গ্রীষ্মকালীন সবজি বীজের বরাদ্দসূচি (বরাদ্দসূচি নং-১)**

জাতীয় সবজিবীজ কার্যক্রমের অধীনে বিগত ২০২১-২২ উৎপাদন বর্ষে সর্বমোট ৪৪৫৯৪.৮০০ কেজি গ্রীষ্মকালীন সবজিবীজ সংগ্রহ করা হয়েছে। তন্মধ্যে, চলতি ২০২২-২৩ উৎপাদন বর্ষের খরিফ-১ মৌসুমে নিজস্ব ব্যবহারের জন্য ভিত্তি শ্রেণির ৪৮৪.১০০ কেজি বীজ সংরক্ষিত রেখে অবশিষ্ট ১৩৭৭২.৯০০ কেজি ভিত্তি এবং মানঘোষিত শ্রেণির ৪৬.৫০০ কেজি বীজ সংরক্ষিত রেখে অবশিষ্ট ৩০২৯১.৩০০ কেজি মানঘোষিত শ্রেণিসহ বিভিন্ন জাতের মোট ৪৪০৬৪.২০০ কেজি গ্রীষ্মকালীন সবজিবীজ বিক্রির জন্য পরিশিষ্ট-ক (সংযুক্ত) অনুযায়ী বিতরণ কর্মসূচি জারি করা হলো। এ কর্মসূচি প্রণয়নের সময় নিম্নে বর্ণিত বিষয়গুলোর উপর গুরুত্ব দেয়া হয়েছেঃ

ক) জাতওয়ারি গুণাবলি এবং বিভিন্ন অঞ্চলে আবাদের উপযুক্ততা।

খ) বিভিন্ন অঞ্চলে বীজ বিতরণের গতিধারা।

গ) বিভিন্ন অঞ্চলের বীজের চাহিদা।

ঘ) বীজের মজুদ এবং প্রাপ্যতা।

২। এ কর্মসূচি পাওয়ার পর উপপরিচালক (বীজ বিপণন) জেলা প্রশাসক, উপপরিচালক (কৃষি সম্প্রসারণ) ও জেলা পর্যায়ের অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের সাথে পরামর্শ করে বর্ণিত 'ক' থেকে 'ঘ' বিষয়ের উপর গুরুত্ব দিয়ে জেলা ও উপজেলাওয়ারি ডিলার ভিত্তিক বীজ বরাদ্দ প্রদানের ব্যবস্থা নিবেন এবং জেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে লিখিতভাবে অবহিত করবেন। তাছাড়া, যথাসময়ে জেলা ও উপজেলা বীজ বিক্রয় কেন্দ্রেও বীজ প্রেরণের ব্যবস্থা নিবেন।

৩। উপপরিচালক (বীজ বিপণন) অঞ্চলের বিপরীতে বরাদ্দকৃত সবজিবীজ নিজ দায়িত্বে উপপরিচালক (সবজিবীজ), 'বীজ ভবন', বিএডিসি, মিরপুর, ঢাকা হতে জরুরি ভিত্তিতে সংগ্রহ করবেন।

৪। জেলা এবং উপজেলা বীজ বিক্রয় কেন্দ্রের সিনিয়র সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (বীজ বিপণন) বীজ বরাদ্দ প্রাপ্তির পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি কর্মকর্তাকে লিখিতভাবে জানাবেন।

৫। কৃষি সম্প্রসারণ বিভাগের প্রদর্শনীসহ অন্য কোন কর্মসূচির বীজের চাহিদা যদি থাকে তা অগ্রাধিকার ভিত্তিতে সরবরাহ নিশ্চিত করতে হবে। তবে, এক্ষেত্রে প্রদত্ত নির্ধারিত তারিখ পর্যন্ত বীজ ধরে রাখা যাবে। সদর দপ্তরের নির্দেশ ব্যতীত কোন বীজ ধরে রাখা বা বাকিতে সরবরাহ করা যাবে না।

৬। **"আগে আসলে আগে পাবেন"** ভিত্তিতে আঞ্চলিক বীজ বিক্রয় কেন্দ্র হতে বীজ ডিলার, জেলা ট্রানজিট বীজ বিক্রয় কেন্দ্র হতে বীজ ডিলার ও কৃষক এবং জেলা/উপজেলা বীজ বিক্রয় কেন্দ্র হতে কৃষকদের মাঝে বীজ বিক্রয় করতে হবে।

৭। নির্দিষ্ট তারিখের মধ্যে যে সকল বীজ ডিলার সংস্থার বিধি মোতাবেক বীজ উত্তোলনে ব্যর্থ হবেন তাদের জন্য অপেক্ষা না করে বীজ **"আগে আসলে আগে পাবেন"** ভিত্তিতে অন্য বীজ ডিলারদের নিকট বিক্রি করতে হবে।

৮। যে সকল বীজ ডিলার বীজ বরাদ্দ পেয়ে বীজ ক্রয় করবেন তাদের নাম, ঠিকানা ও বীজের পরিমাণ উল্লেখ করে বিদ্যমান পদ্ধতি অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসার, জেলার সংশ্লিষ্ট উপপরিচালক (কৃষি সম্প্রসারণ) এবং জেলা প্রশাসককে লিখিতভাবে অবহিত করবেন এবং অনুলিপি সকলের অবগতির জন্য দাপ্তরিক নোটিশ বোর্ডে প্রদর্শন করার ব্যবস্থা নিবেন।

৯। মৌসুমের বীজ সংস্থার নির্ধারিত নতুন প্যাকেটে সরবরাহ করতে হবে। বীজের গুণাগুণ ও বৈশিষ্ট্য সম্পর্কে কৃষক/ক্রেতাগণকে অবহিত করতে হবে। ক্রেতাগণকে আকৃষ্ট করার লক্ষ্যে বিক্রয় কেন্দ্রে প্যাকেট প্রদর্শন করতে হবে।

১০। উপপরিচালক (বীজ বিপণন) মৌসুমের মধ্যে সমুদয় বীজ বিক্রির সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করবেন যাতে কোন বীজ অবিক্রিত না থাকে।

১১। বীজ বিক্রয়ের অগ্রগতি প্রত্যক্ষ করে আঞ্চলিক গুদাম থেকে বীজ বিক্রয় কেন্দ্রে বীজ পাঠাতে হবে যাতে প্রেরিত বীজ ফেরৎ আনতে না হয়।

১২। উপপরিচালক (বীজ বিপণন) বীজ বিক্রয় কেন্দ্র পরিদর্শনকালে নিয়মিত মজুদ ও বিক্রয় অগ্রগতি প্রত্যক্ষপূর্বক বিক্রয়লব্ধ অর্থ সংস্থার ব্যাংক হিসাবে জমাদান নিশ্চিত করবেন এবং সদর দপ্তরে যথাসময়ে অর্থ স্হানান্তরের ব্যাপারে নিশ্চয়তা বিধান করবেন যাতে কোন প্রকার আর্থিক অনিয়ম সংঘটিত না হয়।

১৩। যুগ্মপরিচালক (বীজ বিপণন) তার আওতাধীন অঞ্চলসমূহে বীজ বিক্রির অগ্রগতি ও চাহিদা প্রত্যক্ষ করে কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে অতিরিক্ত মহাব্যবস্হাপক (বীবি)এর পরামর্শক্রমে অঞ্চলে বরাদ্দকৃত বীজের আন্তঃঅঞ্চল বরাদ্দ সমন্বয় এবং পুনর্বিন্যাস করতে পারবেন। কোন অবস্থাতেই মৌসুমে একবার বীজ প্রত্যাহৃত অঞ্চলে পুনরায় বীজ বরাদ্দ এবং প্রেরণ করা যাবে না। তবে, বিশেষ পরিস্হিতিতে অতিরিক্ত মহাব্যবস্হাপক (বীবি)এর অনুমোদনক্রমে প্রত্যাহৃত অঞ্চলে বীজের মজুদ সাপেক্ষে পুনঃবরাদ্দ করা যেতে পারে।

১৪। যুগ্মপরিচালক (বীজ বিপণন) তার আওতাধীন অঞ্চলসমূহে মৌসুমের মধ্যেই বরাদ্দকৃত সমুদয় বীজ যাতে সুষ্ঠুভাবে বিক্রি সম্পন্ন হয় তা নিয়মিত মনিটর করবেন এবং কোন আর্থিক অনিয়ম সংঘটিত না হয় সে ব্যাপারে বিশেষ দৃষ্টি রাখবেন। এ লক্ষ্যে অঞ্চলসমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক বীজ বিক্রয় সংক্রান্ত যাবতীয় রেকর্ড/রেজিস্ট্রারসমূহ যাচাই ও পরীক্ষা করবেন। বীজ বিক্রয়লব্ধ অর্থ সংস্হার খাতে জমা প্রদান ও সদর দপ্তরে স্হানান্তরের বিষয়টি নিশ্চিত করবেন। বিভাগের অধীন অঞ্চলসমূহের বীজ বিক্রয়, টাকা জমা ও স্থানান্তর সংক্রান্ত ফসলভিত্তিক অঞ্চলওয়ারি মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে অবশ্যই সদর দপ্তরে বীজ বিতরণ বিভাগে দাখিল করবেন।

১৫। গত মৌসুমের অবিক্রিত বীজের গুণাগুণ এসটিএল কর্তৃক পরীক্ষান্তে নির্ধারিত মানের বীজ ক্যারিওয়ার স্টক হিসাবে বর্তমান মৌসুমের বিক্রয়দর অনুযায়ী বিক্রয় করা যাবে।

১৬। কোন অঞ্চলে বীজের বিশেষ চাহিদা দেখা দিলে যথাসময়ে বীজ বিতরণ বিভাগের অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি)এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো। এ ক্ষেত্রে অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি) অঞ্চল সমূহের মজুদ সাপেক্ষে বরাদ্দ সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

১৭। বীবি অঞ্চলে বীজ উৎপাদনের লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থা/এনজিও/ব্যক্তিগত উদ্যোক্তাগণের ভিত্তি বীজের বিশেষ কোন চাহিদা থাকলে মজুদ সাপেক্ষে উপপরিচালক/যুগ্মপরিচালক (বীবি) এর সুপারিশের ভিত্তিতে অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ) **"আগে আসলে আগে পাবেন"** শর্তে বরাদ্দ প্রদান করবেন। এক্ষেত্রে মহাব্যবস্থাপক (বীজ) এর অনুমোদন থাকতে হবে।

১৮। উদ্যান উন্নয়ন কেন্দ্র ও এগ্রো সার্ভিস সেন্টারসমূহ তাদের চাহিদা অনুযায়ী বীজ বিতরণ বিভাগের মাধ্যমে সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বীজ ভবন, গাবতলী, মিরপুর, ঢাকা হতে ডিলার মূল্যে সবজি বীজের সরবারহ নিতে পারবেন। ২,৫০০.০০ (দুই হাজার পাঁচ শত) টাকা পর্যন্ত বীজের মূল্য নগদে এবং ২,৫০০.০০ টাকার অধিক মূল্যের বীজ সংশ্লিষ্ট উপপরিচালক (বীজ বিপণন) এর ব্যাংক হিসাবের অনুকুলে পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

১৯। বীজ বিতরণ এর লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে অঞ্চলের প্রদত্ত বরাদ্দের সকল জাতের শতকরা ৫০ ভাগ বীজ সরবরাহ প্রাপ্তির পূর্বে উক্ত অঞ্চলের আওতাধীন উপজেলা সমূহের আগ্রহী বীজ ডিলারদের নিকট এলাকা ভিত্তিক অগ্রিম বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। অগ্রিম মূল্য পরিশোধ সাপেক্ষে বীজ ডিলারগণ অগ্রিম বীজ ক্রয় করতে পারবেন। তবে, কোন অবস্থাতেই অগ্রিম পরিশোধিত বীজের মূল্য ফেরৎ দেয়া যাবে না। অগ্রিম বিক্রয়ের ক্ষেত্রে ক্রেতাকে বীজ ক্রয়কালীন বীজ সরবরাহের তারিখ ক্যাশমেমোতে উল্লেখ করে দিতে হবে। এ ক্ষেত্রে সরকার নির্ধারিত মূল্যে কৃষকের বীজ প্রাপ্তির বিষয়টিকে বিবেচনায় রাখতে হবে।

২০। বীজ বিতরণ বিভাগের অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি)এর অনুমোদন ব্যতীত কোন অবস্থাতেই কর্মসূচিতে প্রদত্ত বরাদ্দ আন্তঃবিভাগ সমন্বয়/সরবরাহ/পরিবহণ করা যাবে না।

২১। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা স্মারক নং-১০৭৮, তারিখঃ-৪ জুন ২০১৭ মূলে জারিকৃত বীজ ডিলারদের বীজ সরবরাহের নিয়মাবলি এবং ডিলারের করণীয় সংক্রান্ত নিয়মাবলি যা ১ জুলাই ২০১৭ তারিখ থেকে কার্যকর হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়টি উপপরিচালক (বীবি) মনিটর করবেন।

২২। বিএডিসি'র বীজ বিক্রয় কেন্দ্র হতে বীজ উত্তোলন করে আনার পর বীজ ডিলার নিজ উদ্যোগে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তাকে বীজের **Arrival Report** প্রদান করে মৌসুমের মধ্যেই সমুদয় বীজ বিক্রির ব্যবস্হা নিবেন। ডিলার কর্তৃক এতৎসংক্রান্ত নির্দেশ পালনের বিষয়টি উপপরিচালক (বীজ বিপণন) নিশ্চিত করবেন।

২৩। বীজ বিতরণের চূড়ান্ত প্রতিবেদন নির্ধারিত ছক (এসডিআর-২) অনুযায়ী বিক্রয় মৌসুম শেষ হবার এক সপ্তাহের মধ্যে বীজ বিতরণ বিভাগ, সদর দপ্তরে অবশ্যই দাখিল করতে হবে। যদি কোন বীজ অবিক্রিত থাকে তার নিষ্পত্তির হিসাব ভিন্নভাবে (সাপ্লিমেন্টারি) দাখিল করতে হবে।

২৫.১১.২২

২৪। বীজ বিতরণ বিভাগের ১৪ জুলাই ২০২২ তারিখের ২৫০৮ এবং ২৫০৯ নং স্মারকে জারিকৃত চাষি/প্রতিষ্ঠান পর্যায় এবং ডিলার পর্যায় নির্ধারিত গ্রীষ্মকালীন সবজিবীজের বিক্রয়দর অনুসরণ করতে হবে। ডিলারদের নিকট থেকে ডিলার পর্যায়ে বিক্রয় মূল্য ও চাষি পর্যায়ে বিক্রয়মূল্যের পার্থক্যের উপর ৫% হারে অথবা সরকার নির্ধারিত হারে উৎসে আয়কর কর্তন করে যথাসময়ে আয়কর অফিসে জমাদানের ব্যবস্থা নিতে হবে।

২৫। বীজ ডিলারগণ সংশ্লিষ্ট বীজ বিতরণ অঞ্চলের মাধ্যমে সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, গাবতলী, ঢাকা থেকে/আঞ্চলিক বীজ বিক্রয় কেন্দ্র হতে ন্যূনতম ২০০০.০০ (দুই হাজার) টাকা মূল্যের সবজি বীজ এককালীন ডিলার পর্যায়ে বিক্রয়দরে ক্রয় করতে পারবেন।

২৬। উপপরিচালক (বীজ বিপণন) বরাদ্দকৃত সবজি বীজ বিক্রয় নিশ্চিত ও ত্বরান্বিত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন। এক্ষেত্রে বীজ বিক্রয় কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত সিনিয়র সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (বীজ বিপণন)/গুদাম রক্ষকগণকে সুস্পষ্ট পরামর্শ দিয়ে দায়িত্ব প্রদান করবেন যাতে কোন বীজ অবিক্রিত না থাকে।

২৭। কৃষকগণ যাতে সহজে সঠিক সময়ে সংস্থার নির্ধারিত দরে বীজ পান তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২৮। বীজ বিতরণ বিভাগ বীজ বিক্রির কার্যক্রম নিবিড়ভাবে মনিটর করবে।

প্রদীপ চন্দ্র দে
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

স্মারক নং-স্মারক নং ঃ- ১২.০৬.০০০০.২৭৫.৯৯.০৭৬.২২/ -২০৭৯ তারিখ:১৫ ডিসেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে প্রেরিত হলোঃ-

১। মহাব্যবস্থাপক (বীজ/এএসসি/পাটবীজ/উদ্যান উন্নয়ন), বিএডিসি, ঢাকা।
২। অতিক্তি মহাব্যবস্থাপক (খামার/বীপ্রস/কঃ গ্রোঃ/সিডিপি ক্রপস্), বিএডিসি, ঢাকা।
৩। যুগ্মপরিচালক (বীউ/ডাল ও তৈল বীজ বিভাগ), বিএডিসি, ঢাকা।
৪। কর্মসূচি পরিচালক (বীআমক), বিএডিসি, ঢাকা।
৫। যুগ্মপরিচালক (সবজি বীজ), বিএডিসি, ঢাকা। বরাদ্দসূচি অনুযায়ী বীজ প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৬। জন সংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৭। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/যশোর/বরিশাল।
৮। উপপরিচালক (সবজি বীজ), সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বীজ ভবন, বিএডিসি, গাবতলী, মিরপুর, ঢাকা।
৯। প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা। বরাদ্দসূচি সংস্থার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৫.১২.২০২২

মোঃ ওবায়দুল ইসলাম
অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ)
বিএডিসি, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ
১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের ব্যক্তিগত সহকারী, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

পরিশিষ্ট-ক

# ২০২২-২৩ বিতরণ বর্ষে গ্রীষ্মকালীন সবজি বীজের অঞ্চলওয়ারি বরাদ্দসূচি

পরিমাণ: কেজি

| ক্রঃ নং | অঞ্চলের নাম | জাতভিত্তিক ডাটা বীজের বরাদ্দ | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ভুটানি | | | বাশঁপাতা | | | বারি ডাটা ১ | | | ডাটা বীজের সর্বমোট | | |
| | | ভিত্তি | প্রত্যা/মান | মোট | ভিত্তি | প্রত্যা/মান | মোট | ভিত্তি | প্রত্যা/মান | মোট | ভিত্তি | প্রত্যা/মান | মোট |
| ১ | ঢাকা | ০.০০০ | ৫১৩.০০০ | ৫১৩.০০০ | ৪৫.২০০ | ০.০০০ | ৪৫.২০০ | ১৬০.০০০ | ১৮৫.০০০ | ৩৪৫.০০০ | ২০৫.২০০ | ৬৯৮.০০০ | ৯০৩.২০০ |
| ২ | ময়মনসিংহ | ০.০০০ | ৬০.০০০ | ৬০.০০০ | ১০.০০০ | ০.০০০ | ১০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ১০.০০০ | ১৫.০০০ | ৬৫.০০০ | ৮০.০০০ |
| ৩ | জামালপুর | ০.০০০ | ১০.০০০ | ১০.০০০ | ২০.০০০ | ০.০০০ | ২০.০০০ | ৩.০০০ | ৫.০০০ | ৮.০০০ | ২৩.০০০ | ১৫.০০০ | ৩৮.০০০ |
| ৪ | কিশোরগঞ্জ | ০.০০০ | ১৫.০০০ | ১৫.০০০ | ৫.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৩.০০০ | ৫.০০০ | ৮.০০০ | ৮.০০০ | ২০.০০০ | ২৮.০০০ |
| ৫ | টাঙ্গাইল | ০.০০০ | ১০.০০০ | ১০.০০০ | ২০.০০০ | ০.০০০ | ২০.০০০ | ৫৫.০০০ | ১৫.০০০ | ৭০.০০০ | ৭৫.০০০ | ২৫.০০০ | ১০০.০০০ |
| ৬ | ফরিদপুর | ০.০০০ | ২০.০০০ | ২০.০০০ | ৫.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ১০.০০০ | ১০.০০০ | ২৫.০০০ | ৩৫.০০০ |
| ৭ | চট্টগ্রাম | ০.০০০ | ২০.০০০ | ২০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ১০.০০০ | ১০.০০০ | ০.০০০ | ৩০.০০০ | ৩০.০০০ |
| ৮ | রাঙ্গামাটি | ০.০০০ | ১৬.০০০ | ১৬.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ০.০০০ | ২১.০০০ | ২১.০০০ |
| ৯ | বান্দরবান | ০.০০০ | ১৫.০০০ | ১৫.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ০.০০০ | ২০.০০০ | ২০.০০০ |
| ১০ | নোয়াখালী | ০.০০০ | ২০.০০০ | ২০.০০০ | ১০.০০০ | ০.০০০ | ১০.০০০ | ০.০০০ | ১০.০০০ | ১০.০০০ | ১০.০০০ | ৩০.০০০ | ৪০.০০০ |
| ১১ | কুমিল্লা | ০.০০০ | ২০৫.০০০ | ২০৫.০০০ | ৩০.০০০ | ০.০০০ | ৩০.০০০ | ৫৫.০০০ | ৪০.০০০ | ৯৫.০০০ | ৮৫.০০০ | ২৪৫.০০০ | ৩৩০.০০০ |
| ১২ | সিলেট | ০.০০০ | ৪০০.০০০ | ৪০০.০০০ | ১৩০.০০০ | ০.০০০ | ১৩০.০০০ | ১৩০.০০০ | ১৪৫.০০০ | ২৭৫.০০০ | ২৬০.০০০ | ৫৪৫.০০০ | ৮০৫.০০০ |
| ১৩ | রাজশাহী | ০.০০০ | ৫০.০০০ | ৫০.০০০ | ৫.০০০ | ০.০০০ | ৫.০০০ | ১০.০০০ | ৬০.০০০ | ৭০.০০০ | ১৫.০০০ | ১১০.০০০ | ১২৫.০০০ |
| ১৪ | পাবনা | ০.০০০ | ১৪০.০০০ | ১৪০.০০০ | ৩.০০০ | ০.০০০ | ৩.০০০ | ৫৫.০০০ | ৭০.০০০ | ১২৫.০০০ | ৫৮.০০০ | ২১০.০০০ | ২৬৮.০০০ |
| ১৫ | বগুড়া | ০.০০০ | ৬৫.০০০ | ৬৫.০০০ | ৫.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৬.০০০ | ৪০.০০০ | ৪৬.০০০ | ১১.০০০ | ১০৫.০০০ | ১১৬.০০০ |
| ১৬ | রংপুর | ০.০০০ | ৫০.০০০ | ৫০.০০০ | ৫০.০০০ | ০.০০০ | ৫০.০০০ | ৮০.০০০ | ১১০.০০০ | ১৯০.০০০ | ১৩০.০০০ | ১৬০.০০০ | ২৯০.০০০ |
| ১৭ | দিনাজপুর | ০.০০০ | ১০০.০০০ | ১০০.০০০ | ১০.০০০ | ০.০০০ | ১০.০০০ | ৩৫.০০০ | ৬০.০০০ | ৯৫.০০০ | ৪৫.০০০ | ১৬০.০০০ | ২০৫.০০০ |
| ১৮ | খুলনা | ০.০০০ | ৪১৬.০০০ | ৪১৬.০০০ | ৮০.০০০ | ০.০০০ | ৮০.০০০ | ২৬০.০০০ | ২৫৫.০০০ | ৫১৫.০০০ | ৩৪০.০০০ | ৬৭১.০০০ | ১০১১.০০০ |
| ১৯ | যশোর | ০.০০০ | ৫০.০০০ | ৫০.০০০ | ১০.০০০ | ০.০০০ | ১০.০০০ | ১০.০০০ | ২৪.০০০ | ৩৪.০০০ | ২০.০০০ | ৭৪.০০০ | ৯৪.০০০ |
| ২০ | কুষ্টিয়া | ০.০০০ | ৩৫.০০০ | ৩৫.০০০ | ১০.০০০ | ০.০০০ | ১০.০০০ | ১৩৫.০০০ | ৬৫.০০০ | ২০০.০০০ | ১৪৫.০০০ | ১০০.০০০ | ২৪৫.০০০ |
| ২১ | বরিশাল | ০.০০০ | ১৬.০০০ | ১৬.০০০ | ৫০.০০০ | ০.০০০ | ৫০.০০০ | ৭৪.০০০ | ১০০.০০০ | ১৭৪.০০০ | ১২৪.০০০ | ১১৬.০০০ | ২৪০.০০০ |
| ২২ | পটুয়াখালী | ০.০০০ | ৬০.০০০ | ৬০.০০০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ৫৫.০০০ | ৫৫.০০০ | ১১০.০০০ | ৫৫.০০০ | ১১৫.০০০ | ১৭০.০০০ |
| | সর্বমোটঃ- | ০.০০০ | ২২৮৬.০০০ | ২২৮৬.০০০ | ৪৯৮.২০০ | ০.০০০ | ৪৯৮.২০০ | ১১৩৬.০০০ | ১২৭৪.০০০ | ২৪১০.০০০ | ১৬৩৪.২০০ | ৩৫৬০.০০০ | ৫১৯৪.২০০ |

২৫/১২/২২

২৫.১২
রাবেয়া আক্তার
ব্যবস্থাপক (বীবি)
বীজ বিতরণ বিভাগ
বিএডিসি ঢাকা-১০০০

২৫.১২.২২
মোঃ ওবায়দুল ইসলাম
পরিচিতি নং-০২০১১১
অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি)
বিএডিসি, ঢাকা।

# ২০২২-২৩ বিতরণ বর্ষে গ্রীষ্মকালীন সবজি বীজের অঞ্চলওয়ারি বরাদ্দসূচি

পরিমাণ: কেজি

| ক্রঃ নং | অঞ্চলের নাম | জাতভিত্তিক করলা বীজের বরাদ্দ | | | জাতভিত্তিক ঢেড়স বীজের বরাদ্দ | | | জাতভিত্তিক চিচিংগা বীজের বরাদ্দ | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | গজকরলা | | | বারি ২ | | | ঝুমলং | | | বারি চিচিংগা-১ | | | চিচিংগা বীজের সর্বমোট | | |
| | | ভিত্তি | প্রত্যা/মান | মোট | ভিত্তি | প্রত্যা/মান | মোট | ভিত্তি | প্রত্যা/মান | মোট | ভিত্তি | প্রত্যা/মান | মোট | ভিত্তি | প্রত্যা/মান | মোট |
| ১ | ঢাকা | ১.০০০ | ৮২.০০০ | ৮৩.০০০ | ২০০.০০০ | ৪৬০.৫০০ | ৬৬০.৫০০ | ১৫.০০০ | ৯৪.৩০০ | ১০৯.৩০০ | ০.০০০ | ৭.০০০ | ৭.০০০ | ১৫.০০০ | ১০১.৩০০ | ১১৬.৩০০ |
| ২ | ময়মনসিংহ | ০.০০০ | ৪.০০০ | ৪.০০০ | ৭০.০০০ | ৩২০.০০০ | ৩৯০.০০০ | ৭.০০০ | ৫০.০০০ | ৫৭.০০০ | ০.০০০ | ২.০০০ | ২.০০০ | ৭.০০০ | ৫২.০০০ | ৫৯.০০০ |
| ৩ | জামালপুর | ০.০০০ | ৮.০০০ | ৮.০০০ | ৭৫.০০০ | ২৪০.০০০ | ৩১৫.০০০ | ১০.০০০ | ১১৩.০০০ | ১২৩.০০০ | ০.০০০ | ২.০০০ | ২.০০০ | ১০.০০০ | ১১৫.০০০ | ১২৫.০০০ |
| ৪ | কিশোরগঞ্জ | ০.০০০ | ৭.০০০ | ৭.০০০ | ১৫.০০০ | ৩৫.০০০ | ৫০.০০০ | ১০.০০০ | ১১০.০০০ | ১২০.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ১০.০০০ | ১১৫.০০০ | ১২৫.০০০ |
| ৫ | টাঙ্গাইল | ০.০০০ | ৩.০০০ | ৩.০০০ | ৮০.০০০ | ৩৮০.০০০ | ৪৬০.০০০ | ১২.০০০ | ৭৩.০০০ | ৮৫.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ১২.০০০ | ৭৮.০০০ | ৯০.০০০ |
| ৬ | ফরিদপুর | ০.০০০ | ৪.০০০ | ৪.০০০ | ৬০.০০০ | ১০০.০০০ | ১৬০.০০০ | ৭.০০০ | ৩০.০০০ | ৩৭.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ৭.০০০ | ৩৫.০০০ | ৪২.০০০ |
| ৭ | চট্টগ্রাম | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ০.০০০ | ২৫.০০০ | ২৫.০০০ | ৫.০০০ | ১৩.০০০ | ১৮.০০০ | ০.০০০ | ৩.০০০ | ৩.০০০ | ৫.০০০ | ১৬.০০০ | ২১.০০০ |
| ৮ | রাঙ্গামাটি | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ০.০০০ | ২৪.০০০ | ২৪.০০০ | ০.০০০ | ১০.০০০ | ১০.০০০ | ০.০০০ | ১.০০০ | ১.০০০ | ০.০০০ | ১১.০০০ | ১১.০০০ |
| ৯ | বান্দরবান | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ১৫.০০০ | ২৫.০০০ | ৪০.০০০ | ৫.০০০ | ৩৫.০০০ | ৪০.০০০ | ০.০০০ | ১.০০০ | ১.০০০ | ৫.০০০ | ৩৬.০০০ | ৪১.০০০ |
| ১০ | নোয়াখালী | ০.০০০ | ১২.০০০ | ১২.০০০ | ৮০.০০০ | ১৯০.০০০ | ২৭০.০০০ | ১৯.০০০ | ১১৮.০০০ | ১৩৭.০০০ | ০.০০০ | ৪.০০০ | ৪.০০০ | ১৯.০০০ | ১২২.০০০ | ১৪১.০০০ |
| ১১ | কুমিল্লা | ০.০০০ | ১৬.০০০ | ১৬.০০০ | ৪০.০০০ | ২০০.০০০ | ২৪০.০০০ | ১৮.০০০ | ১৮০.০০০ | ১৯৮.০০০ | ০.০০০ | ৪০.০০০ | ৪০.০০০ | ১৮.০০০ | ২২০.০০০ | ২৩৮.০০০ |
| ১২ | সিলেট | ০.০০০ | ১৬.০০০ | ১৬.০০০ | ১১৫.০০০ | ৩৫০.০০০ | ৪৬৫.০০০ | ২৬.০০০ | ২৭৫.০০০ | ৩০১.০০০ | ০.০০০ | ৪০.০০০ | ৪০.০০০ | ২৬.০০০ | ৩১৫.০০০ | ৩৪১.০০০ |
| ১৩ | রাজশাহী | ০.০০০ | ১৮.০০০ | ১৮.০০০ | ১৫.০০০ | ৪৩০.০০০ | ৪৪৫.০০০ | ১০.০০০ | ১৪০.০০০ | ১৫০.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ১০.০০০ | ১৪৫.০০০ | ১৫৫.০০০ |
| ১৪ | পাবনা | ০.০০০ | ৬৫.০০০ | ৬৫.০০০ | ৪০.০০০ | ১১০.০০০ | ১৫০.০০০ | ৯.০০০ | ৬০.০০০ | ৬৯.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ৯.০০০ | ৬৫.০০০ | ৭৪.০০০ |
| ১৫ | বগুড়া | ১.০০০ | ২৫.০০০ | ২৬.০০০ | ২০.০০০ | ৫৫.০০০ | ৭৫.০০০ | ৮.৫০০ | ৫০.০০০ | ৫৮.৫০০ | ০.০০০ | ৬.০০০ | ৬.০০০ | ৮.৫০০ | ৫৬.০০০ | ৬৪.৫০০ |
| ১৬ | রংপুর | ০.০০০ | ৫০.০০০ | ৫০.০০০ | ১৩০.০০০ | ২৯০.০০০ | ৪২০.০০০ | ২০.০০০ | ১৬০.০০০ | ১৮০.০০০ | ০.০০০ | ১৫.০০০ | ১৫.০০০ | ২০.০০০ | ১৭৫.০০০ | ১৯৫.০০০ |
| ১৭ | দিনাজপুর | ০.০০০ | ৮.০০০ | ৮.০০০ | ৯৬.০০০ | ৯৬.০০০ | ১৯২.০০০ | ৬.০০০ | ১০৫.০০০ | ১১১.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ৬.০০০ | ১১০.০০০ | ১১৬.০০০ |
| ১৮ | খুলনা | ৫.৮৫০ | ৮৫.০০০ | ৯০.৮৫০ | ১০০.০০০ | ১৬০.০০০ | ২৬০.০০০ | ২০.০০০ | ৩১০.০০০ | ৩৩০.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ২০.০০০ | ৩১৫.০০০ | ৩৩৫.০০০ |
| ১৯ | যশোর | ০.০০০ | ৬৫.০০০ | ৬৫.০০০ | ২০.০০০ | ১৪০.০০০ | ১৬০.০০০ | ৫.০০০ | ৩০.০০০ | ৩৫.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ৩৫.০০০ | ৪০.০০০ |
| ২০ | কুষ্টিয়া | ০.০০০ | ৬৫.০০০ | ৬৫.০০০ | ৬০.০০০ | ২৬০.০০০ | ৩২০.০০০ | ২২.০০০ | ২৯০.০০০ | ৩১২.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ২২.০০০ | ২৯৫.০০০ | ৩১৭.০০০ |
| ২১ | বরিশাল | ০.০০০ | ২৭.০০০ | ২৭.০০০ | ৬০.০০০ | ১১০.০০০ | ১৭০.০০০ | ১৫.০০০ | ১৪০.০০০ | ১৫৫.০০০ | ০.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ১৫.০০০ | ১৪৫.০০০ | ১৬০.০০০ |
| ২২ | পটুয়াখালী | ০.০০০ | ৪.০০০ | ৪.০০০ | ৭০.০০০ | ১১৮.০০০ | ১৮৮.০০০ | ৩৪.০০০ | ৯৬০.০০০ | ৯৯৪.০০০ | ০.০০০ | ২.০০০ | ২.০০০ | ৩৪.০০০ | ৯৬২.০০০ | ৯৯৬.০০০ |
| | সর্বমোটঃ- | ৭.৮৫০ | ৫৭৯.০০০ | ৫৮৬.৮৫০ | ১৩৬১.০০০ | ৪১১৮.৫০০ | ৫৪৭৯.৫০০ | ২৮৩.৫০০ | ৩৩৪৬.৩০০ | ৩৬২৯.৮০০ | ০.০০০ | ১৭৩.০০০ | ১৭৩.০০০ | ২৮৩.৫০০ | ৩৫১৯.৩০০ | ৩৮০২.৮০০ |

২৫/১১/২২

১৫.১২.২০২২
রাবেয়া আক্তার
ব্যবস্থাপক (বীবি)
বীজ বিতরণ বিভাগ
বিএডিসি ঢাকা-১০০০

১২.২২
মোঃ ওবায়দুল ইসলাম
পরিচিতি নং-০২০১১১
অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি)
বিএডিসি. ঢাকা।

## ২০২২-২৩ বিতরণ বর্ষে গ্রীষ্মকালীন সবজি বীজের অঞ্চলওয়ারি বরাদ্দসূচি

পরিমাণ: কেজি

| ক্রঃ নং | অঞ্চলের নাম | জাতভিত্তিক বরবটি বীজের বরাদ্দ | | | জাতভিত্তিক কলমি শাক বীজের বরাদ্দ | | | জাতভিত্তিক পুইশাক বীজের বরাদ্দ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কেগরনাটকি | | | গিমাকলমি | | | সবুজ | | |
| | | ভিত্তি | প্রত্যা/মান | মোট | ভিত্তি | প্রত্যা/মান | মোট | ভিত্তি | প্রত্যা/মান | মোট |
| ১ | ঢাকা | ৫০.০০০ | ৮৮৫.০০০ | ৯৩৫.০০০ | ৪৩৫.৫০০ | ৫৮০.৫০০ | ১০১৬.০০০ | ০.৭০০ | ২৫৫.০০০ | ২৫৫.৭০০ |
| ২ | ময়মনসিংহ | ৬৬.০০০ | ৫৮০.০০০ | ৬৪৬.০০০ | ২৯৫.০০০ | ৪০০.০০০ | ৬৯৫.০০০ | ০.০০০ | ২৩.০০০ | ২৩.০০০ |
| ৩ | জামালপুর | ৫.০০০ | ৩০০.০০০ | ৩০৫.০০০ | ৪৮৫.০০০ | ৫০০.০০০ | ৯৮৫.০০০ | ০.০০০ | ৩৫.০০০ | ৩৫.০০০ |
| ৪ | কিশোরগঞ্জ | ২৭.০০০ | ১১৫.০০০ | ১৪২.০০০ | ৫০.০০০ | ১২০.০০০ | ১৭০.০০০ | ০.০০০ | ৪৫.০০০ | ৪৫.০০০ |
| ৫ | টাঙ্গাইল | ১৬.০০০ | ৩০০.০০০ | ৩১৬.০০০ | ৯৪০.০০০ | ৯৫০.০০০ | ১৮৯০.০০০ | ০.০০০ | ১৭.০০০ | ১৭.০০০ |
| ৬ | ফরিদপুর | ৯.০০০ | ১২০.০০০ | ১২৯.০০০ | ৭৫.০০০ | ১৬০.০০০ | ২৩৫.০০০ | ০.২০০ | ২.০০০ | ২.২০০ |
| ৭ | চট্টগ্রাম | ৩.০০০ | ৪০.০০০ | ৪৩.০০০ | ৫.০০০ | ২৫.০০০ | ৩০.০০০ | ০.০০০ | ০.৫০০ | ০.৫০০ |
| ৮ | রাঙ্গামাটি | ৫.০০০ | ৩০.০০০ | ৩৫.০০০ | ৫.০০০ | ১০.০০০ | ১৫.০০০ | ০.০০০ | ২.০০০ | ২.০০০ |
| ৯ | বান্দরবান | ৪.০০০ | ৭৬.০০০ | ৮০.০০০ | ১৪৫.০০০ | ১৫০.০০০ | ২৯৫.০০০ | ০.০০০ | ০.৫০০ | ০.৫০০ |
| ১০ | নোয়াখালী | ১৯.০০০ | ১০০.০০০ | ১১৯.০০০ | ৭৩০.০০০ | ৭৭০.০০০ | ১৫০০.০০০ | ০.০০০ | ৬৫.০০০ | ৬৫.০০০ |
| ১১ | কুমিল্লা | ৯৪.০০০ | ৫০০.০০০ | ৫৯৪.০০০ | ৬৩০.০০০ | ৬২০.০০০ | ১২৫০.০০০ | ০.০০০ | ২৩০.০০০ | ২৩০.০০০ |
| ১২ | সিলেট | ৫৪.০০০ | ৩৯০.০০০ | ৪৪৪.০০০ | ৩০০.০০০ | ৩৫০.০০০ | ৬৫০.০০০ | ০.০০০ | ১১৫.০০০ | ১১৫.০০০ |
| ১৩ | রাজশাহী | ২২.০০০ | ২৮০.০০০ | ৩০২.০০০ | ৩৫০.০০০ | ৪১০.০০০ | ৭৬০.০০০ | ০.০০০ | ৩৮.০০০ | ৩৮.০০০ |
| ১৪ | পাবনা | ৬০.০০০ | ১৬০.০০০ | ২২০.০০০ | ৬০০.০০০ | ২৬০.০০০ | ৮৬০.০০০ | ০.০০০ | ১১৫.০০০ | ১১৫.০০০ |
| ১৫ | বগুড়া | ৫৫.০০০ | ৪২০.০০০ | ৪৭৫.০০০ | ১২৫.০০০ | ১২৪.০০০ | ২৪৯.০০০ | ০.৪০০ | ৫৫.০০০ | ৫৫.৪০০ |
| ১৬ | রংপুর | ১০৪.০০০ | ৫০৭.০০০ | ৬১১.০০০ | ১৮৯৯.০০০ | ১৯৪৫.০০০ | ৩৮৪৪.০০০ | ০.০০০ | ২৯০.০০০ | ২৯০.০০০ |
| ১৭ | দিনাজপুর | ১৪.০০০ | ২০০.০০০ | ২১৪.০০০ | ১৫০.০০০ | ২৩০.০০০ | ৩৮০.০০০ | ০.০০০ | ৫৫.০০০ | ৫৫.০০০ |
| ১৮ | খুলনা | ৬৮.৭০০ | ১০৩০.০০০ | ১০৯৮.৭০০ | ৫৫০.০০০ | ৫৯০.০০০ | ১১৪০.০০০ | ১.২০০ | ৪৫.০০০ | ৪৬.২০০ |
| ১৯ | যশোর | ৫৫.০০০ | ২০০.০০০ | ২৫৫.০০০ | ৫০০.০০০ | ৫০০.০০০ | ১০০০.০০০ | ০.০০০ | ৯.০০০ | ৯.০০০ |
| ২০ | কুষ্টিয়া | ১০৩.০০০ | ৫০০.০০০ | ৬০৩.০০০ | ৫০০.০০০ | ৫০০.০০০ | ১০০০.০০০ | ০.০০০ | ১১৫.০০০ | ১১৫.০০০ |
| ২১ | বরিশাল | ১৯.০০০ | ১৮০.০০০ | ১৯৯.০০০ | ২৫০.০০০ | ২৬০.০০০ | ৫১০.০০০ | ০.০০০ | ৩০.০০০ | ৩০.০০০ |
| ২২ | পটুয়াখালী | ৫০.০০০ | ২০০.০০০ | ২৫০.০০০ | ৩৩০.০০০ | ৩৪০.০০০ | ৬৭০.০০০ | ০.০০০ | ৬৫.০০০ | ৬৫.০০০ |
| | সর্বমোটঃ- | ৯০২.৭০০ | ৭১১৩.০০০ | ৮০১৫.৭০০ | ৯৩৪৯.৫০০ | ৯৭৯৪.৫০০ | ১৯১৪৪.০০০ | ২.৫০০ | ১৬০৭.০০০ | ১৬০৯.৫০০ |

রাবেয়া আক্তার
ব্যবস্থাপক (বীবি)
বীজ বিতরণ বিভাগ
বিএডিসি, ঢাকা-১০০০

মোঃ ওবায়দুল ইসলাম
পরিচিতি নং-০২০১১১
অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

# ২০২২-২৩ বিতরণ বর্ষে গ্রীষ্মকালীন সবজি বীজের অঞ্চলওয়ারি বরাদ্দসূচি

পরিমাণ: কেজি

| ক্রঃ নং | অঞ্চলের নাম | জাতভিত্তিক শশা বীজের বরাদ্দ | | | জাতভিত্তিক মিষ্টিকুমড়া বীজের বরাদ্দ | | | জাতভিত্তিক ধুন্দল বীজের বরাদ্দ | | | সর্বমোট বরাদ্দ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বারমাসী | | | বারমাসী | | | বারি ধুন্দল ১ | বারি ধুন্দল ২ | ধুন্দল বীজের মোট | | | |
| | | ভিত্তি | প্রত্যা/মান | মোট | ভিত্তি | প্রত্যা/মান | মোট | ভিত্তি | ভিত্তি | ভিত্তি | ভিত্তি | প্রত্যা/মান | মোট |
| ১ | ঢাকা | ১০.৫০০ | ০.০০০ | ১০.৫০০ | ২.৩০০ | ০.০০০ | ২.৩০০ | ৩.৬০০ | ১১.০০০ | ১৪.৬০০ | ৯৩৪.৮০০ | ৩০৬২.৩০০ | ৩৯৯৭.১০০ |
| ২ | ময়মনসিংহ | ১.২০০ | ০.০০০ | ১.২০০ | ০.৫০০ | ০.০০০ | ০.৫০০ | ১.৮০০ | ৫.৫০০ | ৭.৩০০ | ৪৬২.০০০ | ১৪৪৪.০০০ | ১৯০৬.০০০ |
| ৩ | জামালপুর | ২.৫০০ | ০.০০০ | ২.৫০০ | ০.২০০ | ০.০০০ | ০.২০০ | ০.৯০০ | ৫.৫০০ | ৬.৪০০ | ৬০৭.১০০ | ১২১৩.০০০ | ১৮২০.১০০ |
| ৪ | কিশোরগঞ্জ | ১.২০০ | ০.০০০ | ১.২০০ | ০.৩৫০ | ০.০০০ | ০.৩৫০ | ০.০৪০ | ০.৩০০ | ০.৩৪০ | ১১১.৮৯০ | ৪৫৭.০০০ | ৫৬৮.৮৯০ |
| ৫ | টাঙ্গাইল | ২৩.২০০ | ০.০০০ | ২৩.২০০ | ০.১৫০ | ০.০০০ | ০.১৫০ | ৯.০০০ | ১১.০০০ | ২০.০০০ | ১১৬৬.৩৫০ | ১৭৫৩.০০০ | ২৯১৯.৩৫০ |
| ৬ | ফরিদপুর | ১.০০০ | ০.০০০ | ১.০০০ | ০.১৫০ | ০.০০০ | ০.১৫০ | ০.১৮০ | ৫.৫০০ | ৫.৬৮০ | ১৬৮.০৩০ | ৪৪৬.০০০ | ৬১৪.০৩০ |
| ৭ | চট্টগ্রাম | ১.২০০ | ০.০০০ | ১.২০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০৫০ | ০.০৫০ | ০.২০০ | ০.২৫০ | ১৪.৫০০ | ১৪১.৫০০ | ১৫৬.০০০ |
| ৮ | রাঙ্গামাটি | ১.২০০ | ০.০০০ | ১.২০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ১১.২৫০ | ১০৩.০০০ | ১১৪.২৫০ |
| ৯ | বান্দরবান | ১.২০০ | ০.০০০ | ১.২০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০৫০ | ০.০০০ | ০.০০০ | ০.০০০ | ১৭০.২৫০ | ৩১২.৫০০ | ৪৮২.৭৫০ |
| ১০ | নোয়াখালী | ১.২০০ | ০.০০০ | ১.২০০ | ০.১৫০ | ০.০০০ | ০.১৫০ | ১.৮০০ | ৫.৫০০ | ৭.৩০০ | ৮৬৬.৬৫০ | ১২৮৯.০০০ | ২১৫৫.৬৫০ |
| ১১ | কুমিল্লা | ২.৫০০ | ০.০০০ | ২.৫০০ | ২.২০০ | ০.০০০ | ২.২০০ | ১.৮০০ | ৫.৫০০ | ৭.৩০০ | ৮৭৯.০০০ | ২০৩১.০০০ | ২৯১০.০০০ |
| ১২ | সিলেট | ১.৩০০ | ০.০০০ | ১.৩০০ | ০.৭৫০ | ০.০০০ | ০.৭৫০ | ০.৫৫০ | ৫.৫০০ | ৬.০৫০ | ৭৬৩.১০০ | ২০৮১.০০০ | ২৮৪৪.১০০ |
| ১৩ | রাজশাহী | ১.২০০ | ০.০০০ | ১.২০০ | ০.৫৫০ | ০.০০০ | ০.৫৫০ | ০.৯০০ | ১.৫০০ | ২.৪০০ | ৪১৬.১৫০ | ১৪৩১.০০০ | ১৮৪৭.১৫০ |
| ১৪ | পাবনা | ২.৫০০ | ০.০০০ | ২.৫০০ | ২.১০০ | ০.০০০ | ২.১০০ | ১.৮০০ | ৫.৫০০ | ৭.৩০০ | ৭৭৮.৯০০ | ৯৮৫.০০০ | ১৭৬৩.৯০০ |
| ১৫ | বগুড়া | ১.৩০০ | ০.০০০ | ১.৩০০ | ১.০০০ | ০.০০০ | ১.০০০ | ০.৭০০ | ৫.৫০০ | ৬.২০০ | ২২৯.৪০০ | ৮৪০.০০০ | ১০৬৯.৪০০ |
| ১৬ | রংপুর | ৫.১০০ | ০.০০০ | ৫.১০০ | ২.৪০০ | ০.০০০ | ২.৪০০ | ৭.২০০ | ১১.০০০ | ১৮.২০০ | ২৩০৮.৭০০ | ৩৪১৭.০০০ | ৫৭২৫.৭০০ |
| ১৭ | দিনাজপুর | ১.৩০০ | ০.০০০ | ১.৩০০ | ২.৫০০ | ০.০০০ | ২.৫০০ | ১.৮০০ | ৫.৫০০ | ৭.৩০০ | ৩২২.১০০ | ৮৫৯.০০০ | ১১৮১.১০০ |
| ১৮ | খুলনা | ২.৫০০ | ০.০০০ | ২.৫০০ | ২.৮০০ | ০.০০০ | ২.৮০০ | ০.৫০০ | ৫.৫০০ | ৬.০০০ | ১০৯৭.০৫০ | ২৮৯৬.০০০ | ৩৯৯৩.০৫০ |
| ১৯ | যশোর | ১.০০০ | ০.০০০ | ১.০০০ | ০.২০০ | ০.০০০ | ০.২০০ | ০.১০০ | ২.০০০ | ২.১০০ | ৬০৩.৩০০ | ১০২৩.০০০ | ১৬২৬.৩০০ |
| ২০ | কুষ্টিয়া | ২.৫০০ | ০.০০০ | ২.৫০০ | ২.৪০০ | ০.০০০ | ২.৪০০ | ৩.৬০০ | ৯.০০০ | ১২.৬০০ | ৮৪৭.৫০০ | ১৮৩৫.০০০ | ২৬৮২.৫০০ |
| ২১ | বরিশাল | ১.২০০ | ০.০০০ | ১.২০০ | ১.৬০০ | ০.০০০ | ১.৬০০ | ০.১৮০ | ২.৮০০ | ২.৯৮০ | ৪৭৩.৭৮০ | ৮৬৮.০০০ | ১৩৪১.৭৮০ |
| ২২ | পটুয়াখালী | ১.২০০ | ০.০০০ | ১.২০০ | ০.৭০০ | ০.০০০ | ০.৭০০ | ০.০০০ | ০.২০০ | ০.২০০ | ৫৪১.১০০ | ১৮০৪.০০০ | ২৩৪৫.১০০ |
| | সর্বমোটঃ- | ৬৮.০০০ | ০.০০০ | ৬৮.০০০ | ২৩.১৫০ | ০.০০০ | ২৩.১৫০ | ৩৬.৫০০ | ১০৪.০০০ | ১৪০.৫০০ | ১৩৭৭২.৯০০ | ৩০২৯১.৩০০ | ৪৪০৬৪.২০০ |

২৫/১২/২২

২৫.১২.২০২২
রাবেয়া আক্তার
ব্যবস্থাপক (বীবি)
বীজ বিতরণ বিভাগ
বিএডিসি, ঢাকা-১০০০

২৫.১২.২০২২
মোঃ ওবায়দুল ইসলাম
পরিচিতি নং-০২০১১১
অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি)
বিএডিসি, ঢাকা।